শপিংমল খোলার দাবিতে রাজধানীতে ব্যবসায়ীদের মানববন্ধন

লকডাউন তুলে নিয়ে শপিংমল খুলে দেওয়ার দাবিতে রাজধানীতে মানববন্ধন করেছেন দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিংমল যমুনা ফিউচার পার্কের ব্যবসায়ীরা।

বুধবার বেলা সাড়ে ১১টার দিকে শপিংমলের সামনে প্রগতি সরণিতে এ মানববন্ধন হয়।

মানববন্ধনে ব্যবসায়ীরা অবিলম্বে শপিংমল খুলে দেওয়ার দাবি জানান।

তারা বলেন, সবকিছু খোলা থাকলে শপিংমল কেন বন্ধ রাখা হবে। গতবার লকডাউনে ব্যবসায়ীদের অনেক ক্ষতি হয়েছে। এবারও লকডাউন চললে ক্ষতি পুষিয়ে নেওয়া সম্ভব হবে না।

দ্রুত শপিংমল খুলে দেওয়ার জন্য যমুনা ফিউচার পার্ক কর্তৃপক্ষ ও প্রশাসনের প্রতি আহ্বান জানান ব্যবসায়ীরা ।

করোনাভাইরাসের সংক্রমণ বাড়ায় সরকার সারা দেশে এক সপ্তাহের কঠোর বিধিনিষেধ জারি করে গত ৪ এপ্রিল। এরপর থেকে দোকানপাট খুলে দেওয়ার দাবিতে রাজধানী ঢাকাসহ সারা দেশে বিক্ষোভ করছেন ব্যবসায়ীরা।

গতকাল মঙ্গলবারও রাজধানীর চাঁদনীচক শপিং কমপ্লেক্সের সামনে বিক্ষোভ করেন ব্যবসায়ী ও দোকানমালিকরা।

ব্যবসায়ীরা জানিয়েছেন, করোনায় প্রথম ধাপের ‘লকডাউনে’ অর্থনৈতিকভাবে মার্কেট ও শপিংমলের ব্যবসায়ীদের মেরুদণ্ড ভেঙে পড়েছে। তখন ক্ষতি হয়েছে প্রতিদিন প্রায় ১ হাজার ৭৪ কোটি টাকা।

এ অবস্থায় করোনার দ্বিতীয় ঢেউয়ে দেশের সবকিছু খোলা থাকলেও মার্কেট ও শপিংমল কেন বন্ধ রাখা হয়েছে-এমন প্রশ্ন ব্যবসায়ী নেতাদের।

দুই ঈদ ও বৈশাখকে সামনে রেখে ব্যবসা বন্ধ থাকায় পথে বসার উপক্রম

লাখ লাখ ব্যবসায়ী ও তাদের কর্মচারীদের।

সকাল ৯টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত দোকানপাট খোলা রাখার অনুমতি চেয়ে ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে রোববার জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেওয়া হয়েছে।

কোটচাঁদপুরে সরকারি নির্দেশনা মানতে কঠোর অবস্থানে প্রশাসন, লকডাউনে অনিহা সাধারণ ব্যবসায়ীদের

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনায় লকডাউন ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে কঠোর অবস্থানে উপজেলা প্রশাসন।
সরকারি নির্দেশনা অনুযায়ী লকডাউন নিশ্চিত ও স্বাস্থ্যবিধি মানতে সামাজিক সচেতনতার পাশাপাশি আদেশ অমান্য করায় অনেককে করা হচ্ছে জরিমানা।

লকডাউনের দ্বিতীয় দিন মঙ্গলবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন সরকারি নির্দেশনা (লকডাউন) বাস্তবায়নে উপজেলার সাফদারপুর বাজারে অভিযান পরিচালনা করেন।

এসময় তিনি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি নির্দেশ অমান্য করায় এক কাপড় ব্যবসায়ীকে ১ হাজার টাকা জরিমানা আদায় করেন। এরপরও লকডাউনে অনিহা প্রকাশ করছেন সাধারণ ব্যবসায়ীরা।

নির্বাহী অফিসার জানান, কোভিড-১৯ করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণে সরকারি নির্দেশনা বাস্তবায়নে উপজেলা প্রশাসন ও স্থানীয় থানা পুলিশ কাজ করছে। মহামারি করোনা সংক্রমণ রোধে

সরকারি নির্দেশনা পালনের পাশাপাশি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান।

সেই সাথে জন-সাধারণের লকডাউন মেনে বিনা প্রয়োজনে বাড়ি থেকে বের না হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন। ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যহত থাকবে বলে জানান নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন।

অভিযানে উপস্থিত ছিলেন, সাফদারপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই অজিয়ার রহমান, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন সহ পুলিশ ও আনসার সদস্য।
এদিকে প্রশাসনের কড়া নজরদারি থাকলেও লকডাউনের আওতার মধ্যে থাকা অনেক ব্যবসায়ী ব্যবসা প্রতিষ্ঠান খুলে বসছেন।

ঝিনাইদহে বাড়ছে করোনা আক্রান্তের হার, লকডাউন মান্তে নারাজ ব্যবসায়িরা

ঝিনাইদহে দ্রুত গতিতে বাড়ছে করোনা আক্রান্তের হার কিন্তু ব্যবসায়ীরাসহ, সাধারণ মানুষ লক ডাউন মানতে অনিহা প্রকাশ করছে।

৬ তারিখ মঙ্গলবার ঝিনাইদহ ও কুষ্টিয়া ল্যাব থেকে নতুন ৫২টি নমুনার ফলাফল এসেছে যার মধ্যে ২৩জন আক্রান্ত বলে জানা জানা গেছে। ঝিনাইদহে এ পর্যন্ত মোট ১১১০০নমুনা পরীক্ষা করে আক্রান্তে সংখ্যা ২৫০৫জন। বেশ কিছু দিন নমুনা পরীক্ষা এবং আক্রান্ত দ্ইু’ই কম ছিল কিন্তু গত ৪/৫ দিন এর সংখ্যা বেড়ে কয়েকগুণ হয়েছে।

ঝিনাইদহ সিভিল সার্জন অফিসের তথ্যমতে উপজেলা ভিত্তিক আক্রান্তের সংখ্যা সদরে নতুন ১৩ জনসহ মোট ১৩১৯ জন, কালীগঞ্জে নতুন ১ জনসহ ৫০০ জন, শৈলকূপায় নতুন ৩ জন সহ ২৯৩জন, কোটচাদপুরে নতুন ১ জনসহ ১৫০ জন, হরিনাকুণ্ডতে নতুন ৫ জনসহ ১৩৬জন এবং মহেশপুরে মোট ১০৭ জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মোট মৃত্যু বরণ করেছে

৪১ জন, এর মধ্যে সদরে- ২৭, কালীগঞ্জে- ৬, শৈলকূপায়- ৫, কোটচাঁদপুরে- ২ এবং হরিনাকুণ্ডে- ১ জন।

ঝিনাইদহে লকডাউন কার্যকর ভাবে পালন করতে মাঠে প্রশাসন, পুলিশ, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের নেতাকর্মী ও সাংবাদিকরা কাজ করে যাচ্ছে। কিন্তু ঝিনাইদহের ব্যবসায়ীরা সারাদেশের ন্যায় লকডাউন বিরোধী অবরোধ, মানববন্ধন না করলেও সরকারের এই লকডাউন সিদ্ধান্তের প্রতি অনিহা প্রকাশ করছেন। তবে ঝিনাইদহের শৈলকুপায় ব্যবসায়ীদের লকডাউন বিরোধ মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচী পালিত হয়েছে।

শহরের বাইরের হাট বাজার গুলোতে লকডাউন এবং স্বাস্থ্যবিধি সামান্যও মানা হচ্ছেনা। কাঁচা বাজার ও গরু ছাগলের হাটে মাস্ক না পরা লোকের সংখ্যায় বেশী, সেখানে কোন প্রশাসনের তদারকি নেই এমনকি হাট মালিকদের পক্ষ থেকেও স্বাস্থ্য বিধি মানার ব্যাপারে কোন মাইকিং করা হচ্ছে না। মঙ্গলবার উপজেলার বৈডাঙ্গা পশু হাটে গিয়ে এমনই দৃশ্য চোখে পড়ে।

এ বিষয়ে পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে লকডাউন কার্যকর করতে আমরা যথাযথ কাজ করে যাচ্ছি। প্রয়োজনে আমরা আরও কঠোর হবো।

পাকিস্তান সিরিজ নিয়ে শঙ্কায় বাংলাদেশ

মহামারী করোনাভাইরাসের সংক্রমণ বেড়ে যাওয়ায় শঙ্কা দেখা দিয়েছে ঘরের মাঠে যুব দলের পাকিস্তান সিরিজ নিয়ে। টাইগার যুবাদের বিপক্ষে খেলার জন্য চলতি মাসেই ঢাকা এসে পৌঁছানোর কথা পাকিস্তান যুব দলের।

এ ব্যাপারে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালক ও সাবেক অধিনায়ক খালেদ মাহমুদ সুজন বলেন, আমরা চেষ্টা করছি ওদের আনার জন্য। এখানে সরকারি অনুমোদনের ব্যাপার আছে। এটা ক্লিয়ার হোক। কিন্তু আমরা শতভাগ চেস্টা করছি ওদের আনার জন্য। যদি ১২ তারিখে নাও পারি, একটু

পিছিয়ে হলেও ১৬-১৭ তারিখের দিকে দেখি আনতে পারি কিনা।

খালেদ মাহমুদ সুজন বলেন, সিরিজ নিয়ে শঙ্কা আছে। আমার কাছে মনে হচ্ছে এই মূহুর্তে সিরিজটি মাঠে গড়ানোর সম্ভাবনা খুবই কম। আমাদের ম্যানেজার ওদের সাথে যোগাযোগ করছে। কিন্তু বাতিলের আগে দুই বোর্ডই এই বিষয়ে আলোচনা করবে

ভাঙা পা নিয়ে মমতাকে আব্বাসের খোঁচা

ভারতের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পা ভাঙা নিয়ে এবার কটাক্ষ করলেন ফুরফুরা শরিফের পীরজাদা আব্বাসউদ্দিন সিদ্দিকী।

মমতা বন্দ্যোপাধ্যায় তার পা ভাঙার ঘটনা নিয়ে নাটক করছেন বলে মন্তব্য করেছেন ফুরফুরা শরিফের এ পীরজাদা। খবর আনন্দবাজার পত্রিকার।

হুগলির চাঁপদানীতে আব্বাসউদ্দিন সিদ্দিকী সোমবার বিকালে জোট প্রার্থীদের সমর্থনে প্রচারে গিয়ে এসব কথা বলেন।

তিনি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় পা নিয়ে নাটক করছেন। ব্যান্ডেজ বাঁধা পায়ের ওপর পা তুলে দিয়ে নাচাচ্ছেন। তাতে তার মুখে কোনো প্রতিক্রিয়া দেখা যাচ্ছে না।

চাঁপদানীর গুমোডাঙ্গায় ওই সভায় বিধানসভার বিদায়ী বিধায়ক কংগ্রেস প্রার্থী আব্দুল মান্নান, শ্রীরামপুরের কংগ্রেস প্রার্থী অলোকরঞ্জন বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন।

এ সময় ইন্ডিয়ান সেকুলার ফ্রন্টের (আইএসএফ) প্রধান আব্বাসউদ্দিন বলেন, সামনে বাংলার জনগণ বসে আছেন। তাদের দিকে পা তুলে দিয়েছেন! জেতালেও মুখে লাথি মারব, হারলেও মুখে লাথি মারব— এমন ভাব তার। যারা এত বড় নাটক করেন, বাংলার মানুষকে বোকা ভাবেন, তারাই বোকা হবেন।

বিধানসভা ভোটে তৃণমূল ও বিজেপিকে ভোট না দেওয়ার আবেদন জানিয়ে আব্বাস বলেন, পার্কে লেখা থাকে ফুলে হাত দেবেন না। তেমনই ইভিএমে ঘাসফুল আর পদ্মফুলের বোতামে হাত দেবেন না।

কিন্তু আমাদের হাত চিহ্নে হাত দিন, কোনো বারণ নেই। কাস্তে-হাতুড়িতে হাত দিন, কোনো বারণ নেই। ভাইজানের খামে হাত দিন, কোনো বারণ নেই। ওই হাত দিয়ে খামে চিঠি আসবে কর্মসংস্থানের। হাতুড়িতে শ্রমিকদের কাজ মিলবে।

নন্দীগ্রাম জমি রক্ষা আন্দোলনে পুলিশি অভিযান প্রসঙ্গে তিনি বলেন, আমরা জানতাম— নন্দীগ্রামে সিপিএম মিথ্যা কথা বলছে। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় নিজে কী বললেন! নন্দীগ্রামের ঘটনা ঘটিয়েছেন, শুভেন্দু আর শুভেন্দুর বাবা।

শুভেন্দু আর শুভেন্দুর বাবা তখন কোন দলে ছিলেন? সিঙ্গুরেও তাপসী মালিক হত্যাকাণ্ডের পেছনে এদেরই হাত আছে। তৃণমূল ১০ বছর ক্ষমতায় ছিল। সিপিএমের একটা লোককেও ধরতে পারল না। প্রমাণ করতে পারল না। এখন বলছে, সিঙ্গুরে কারখানা করবে ২০ কাঠা করে জমিতে। সুযোগ দিলে তো। আমাদের নিয়ে যারা খেলা করে, তাদের আমরা মাফ করব না।

এর আগে ৩ এপ্রিল দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে প্রচারে গিয়ে ‘মিম’ প্রধান আসাদউদ্দিন ওয়েইসি এবং আব্বাসকে উদ্দেশ্য করে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘হায়দরাবাদ থেকে বিজেপির এক বন্ধু এসেছেন। ফুরফুরার এক চ্যাংড়াকেও সঙ্গে নিয়েছেন।’

এর পরই মমতাকে উদ্দেশ্যকে করে আব্বাস বলেছিলেন, তিনি অহঙ্কারী, মানুষকে মনে করেন না। মুসলমানরা তার সঙ্গে নেই বলেই তিনি উল্টোপাল্টা বলছেন।

শীতলক্ষ্যায় লঞ্চডুবি: নিহতের সংখ্যা বেড়ে ৩৫

নারায়ণগঞ্জের শীতলক্ষ্যায় যাত্রীবাহী লঞ্চডুবির ঘটনায় ভাসমান

অবস্থায় আরও পাঁচজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এ নিয়ে মোট ৩৫ জনের মরদেহ উদ্ধার করা হয়।

মঙ্গলবার সকালে কয়লাঘাট এলাকা থেকে তাদের ভাসমান মরদেহ উদ্ধার করা হয়।

এর আগে সোমবার পর্যন্ত ২৯ মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। সরকারের পক্ষ থেকে নিহতদের পরিবারকে ২৫ হাজার টাকা করে প্রদান করা হয়েছে।

লঞ্চডুবির ঘটনায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট খাদিজা তাহেরী ববিকে প্রধান করে সাত সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে জেলা প্রশাসন। কমিটিকে পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

এ ছাড়া বিআইডব্লিউটিএর নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগের পরিচালক রফিকুল ইসলামকে প্রধান করে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে পাঁচ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। নৌপরিবহন মন্ত্রণালয়ও একটি তদন্ত কমিটি গঠন করেছে।

রোববার সন্ধ্যা সোয়া ৬টার দিকে নারায়ণগঞ্জ কয়লাঘাট এলাকায় কার্গো জাহাজের ধাক্কায় অর্ধশতাধিক যাত্রী নিয়ে সাবিত আল হাসান নামে যাত্রীবাহী লঞ্চটি ডুবে যায়। সোমবার দুপুর ১২টায় লঞ্চটি উদ্ধারের পর সোয়া ১টায় উদ্ধার অভিযান সমাপ্ত ঘোষণা করেন বিআইডব্লিটিএর চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় মুরগি ব্যবসায়ী নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজার থেকে পাখি ভ্যানে বাড়ি যাবার পথে রাজা (২৫) নামের এক মুরগি ব্যবসায়ী নিহত হয়েছেন। রাজা গাংনী উপজেলার মহেশপুর গ্রামের তরিকুল ইসলামের ছেলে। আজ

সোমবার সন্ধ্যায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত রাজার পারিবারিক সূত্রে জানা গেছে , রাজা প্রতিদিনের ন্যায় ব্যবসা শেষে নিজের পাখি ভ্যান নিয়ে সন্ধ্যায় বাড়ি ফিরছিলেন ।

মহেশপুরের মাঝামাঝি স্থানে পৌঁছালে মাটি ভর্তি একটি ট্রলি ধাক্কা দিলে রাজা ছিটকে পড়ে যায়। এসময় সে মারাত্মক আহত হন।

স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক রাজাকে দেখে মৃত্যু খবর নিশ্চিত করেন।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান এ ঘটনায় ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে লক ডাউনের প্রথম দিন জীবন যাত্রা প্রায় স্বাভাবিক, মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেটলক

দেশ ব্যাপী করোনা সংক্রমণে দ্বিতীয় ঢেও মোকাবেলায় সরকার ৫ই এপ্রিল থেকে ১১ই এপ্রিল পর্যন্ত দেশ ব্যাপী এক সপ্তাহের লক ডাউন জারি করেছে।

মেহেরপুরের মুজিবনগরে সপ্তাহ ব্যাপী লক ডাউনের প্রথম দিনে জীবন যাত্রা অন্য দিনের মত স্বাভাবিক। কিছু দোকানপাট বন্ধ থাকলেও মানুষের চলাচলের উপর কোন প্রভাব পড়েনি।

এই লক ডাউন এর মাঝেও প্রয়োজনে অপ্রয়োজনে মানুষ ঘর থেকে বের হচ্ছে নিয়মিত চলছে অটোরিক্সা, পাখী ভ্যান, চলছে মাটি বাহী ট্রাক্টর, খোলা আছে উপজেলা চা এর দোকান গুলি, মানা হচ্ছে না স্বাস্থ্যবিধি। প্রশাসন থেকে বার বার মাস্ক ব্যবহারে জন্য বলা

হলে মাস্ক পরিধানে মানুষের মাঝে অনিহা লক্ষ করা যাচ্ছে।

সকালে উপজেলা প্রশাসন থেকে লকডাউনের নির্দেশনার বিষয়ে মাইকিং করা হলেও তাতে কর্নপাত করেনি সাধারণ মানুষ।

সকাল সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার উপজেলা বিভিন্ন বাজারে অভিযান পরিচালনা করে এবং সাধারণ মানুষকে সচেতন করা সহ মাস্ক বিতরণ করে এবং প্রত্যেক ব্যবস্যায়ীদের সরকারি নির্দেশনা মেনে চলার জন্য বলা হয় কেও সরকারি নির্দেশনা মেনে না চললে তার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে তিনি জানান।

তিনি বলেন, আজকে মানুষ ও বিভিন্ন ব্যাবস্যায়ীদের সতর্ক করা সহ নির্দেশনা গুলি জানিয়ে দেওয়া হচ্ছে পরবর্তিতে যারা নির্দেশনা না মানবে তাদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে।

এ সময় মুজিবনগর থানা অফিসার ইনচার্য (তদন্ত)শরিফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম নির্বাহী অফিসারকে সহযোগীতার করেন।

এদিকে,লকডাউন ঘোষণার সাথে সাথে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটকদের জন্য করা হয়েছে গেটলক।

মুজিবনগর পর্যটন কেন্দ্র মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে পর্যটক প্রবেশের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার তিনি বলেন, গতকাল পর্যন্ত পর্যটক প্রবেশে কিছু শিথিলতা থাকলেও আজ থেকে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটকদের জন্য গেটলক করা হয়েছে।

পরিচয় মিলেছে মামুনুল হকের সঙ্গে থাকা সেই নারীর

নারায়ণগঞ্জের একটি রিসোর্টে হেফাজত ইসলামের যুগ্ম মহাসচিব মাওলানা মামুনুল হকের সঙ্গে থাকা সেই নারীর পরিচয় মিলেছে। মামুনুল হকের সঙ্গে থাকা সেই নারীর নাম জান্নাত আরা ঝর্ণা (২৭)।

তিনি ফরিদপুরের আলফাডাঙ্গা উপজেলার গোপালপুর ইউনিয়নের কামারগ্রামের মুক্তিযোদ্ধা মো. ওলিয়ার রহমান মিয়ার মেজো মেয়ে। ওলিয়ার রহমান কামারগ্রাম ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।

মামুনুল হক ওই নারীর নাম আমেনা তৈয়াবা বললেও ওই নারী নিজেকে জান্নাত আরা বলে পরিচয় দেন। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক ও গণমাধ্যমে প্রচারের পর দেশজুড়ে শুরু হয়েছে তোলপাড়। এ ঘটনায় উপজেলাজুড়ে এখন ঝর্ণাকে নিয়ে চলছে আলোচনার ঝড়।

তবে জান্নাতের আগে বিয়ে হয়েছে, দুটি সন্তান আছে- এ কথা সবাই জানলেও মামুনুল হকের সঙ্গে দ্বিতীয় বিয়ের কোনো খবরই জানেন না এলাকাবাসী।

ঝর্ণার বাবা ওলিয়ার রহমান ও মা শিরীনা বেগম সাংবাদিকদের জানান, তাদের মেয়ে জান্নাত আরা ঝর্ণার ৯ বছর বয়সে বিয়ে হয়েছিল হাফেজ শহীদুল ইসলাম ওরফে শহীদুল্লাহ নামে এক ব্যক্তির সঙ্গে। তার বাড়ি বাগেরহাটের কচুড়িয়া এলাকায়। তাদের আব্দুর রহমান (১৭) ও তামীম
(১২) নামে দুজন ছেলেসন্তান রয়েছে।

ওলিয়ার রহমান জানান, পারিবারিক কলহের জেরে আড়াই বছর আগে শহীদুল্লাহর সঙ্গে ঝর্ণার বিবাহবিচ্ছেদ হয়। তারপর দুই বছর আগে পরিবার থেকে পাত্র দেখে মেয়েকে বিয়ে দেয়ার কথা বললেও ঝর্ণা বলতেন তার বিয়ে হয়ে গেছে। তার জন্য আর কোনো পাত্র দেখতে হবে না।

তার বাবা আরও জানান, ঝর্ণা কাকে বিয়ে করেছে সে কথাটি পরিবারকে জানায়নি কখনো। শুধু একবার ভিডিওকলে তার দ্বিতীয় স্বামীকে দেখিয়েছিল; কিন্তু তারা বুঝতে পারেনি সেই ব্যক্তি মাওলানা মামুনুল হক ছিলেন।

প্রথম স্বামী হাফেজ শহীদুল ইসলাম ওরফে শহীদুল্লাহর সঙ্গে জান্নাত আরা ঝর্ণার পরিবারের কোনো যোগাযোগ আছে কিনা- জানতে চাইলে তারা জানান, ডিভোর্সের পর শহীদুল্লাহর সঙ্গে আর কোনো যোগাযোগ রাখেননি তারা।

গোপালপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো. মোনায়েম খান বলেন, ঝর্ণার বাবা ওলিয়ার রহমান একজন সহজ-সরল মানুষ। তিনি কামারগ্রাম চার নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি। তার মেয়ের আগে বিয়ে হয়েছে। তার দুই ছেলেও আছে; পরে বিয়ে হয়েছে কিনা জানি না।

প্রসঙ্গত, শনিবার বিকালে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের রয়েল রিসোর্টের পঞ্চমতলার ৫০১ নম্বর কক্ষে তাদের অবরুদ্ধ করেন স্থানীয়রা। পরে পুলিশ গিয়ে তাদের উদ্ধার করে। সন্ধ্যায় একদল হেফাজত কর্মী মামুনুল হককে উদ্ধার করে নিয়ে যান।

মসজিদে নামাজের জন্য ধর্ম মন্ত্রণালয়ের নতুন নির্দেশনা

করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউ প্রতিরোধে সাত দিনের লকডাউন জারি করেছে সরকার। এমন পরিস্থিতিতে মসজিদে নামাজ আদায়ে নতুন নির্দেশনা দিয়েছে ধর্ম মন্ত্রণালয়।

সোমবার ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এসব নির্দেশনা জারি করে।

এতে বলা হয়, করোনাভাইরাসের কারণে মুসল্লিদের জীবনের ঝুঁকি বিবেচনা করে মসজিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার বা হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে এবং আগত মুসল্লীকে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে।

প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওজু করে, সুন্নাত নামাজ ঘরে আদায় করে মসজিদে আসতে হবে এবং ওজু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে।

জামাতের সময় মসজিদে কার্পেট বিছানো যাবে না। নামাজের আগে সম্পূর্ণ মসজিদ জীবাণুনাশক দিয়ে পরিস্কার করতে হবে। মুসল্লিরা প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসবেন।

জামাতে আগত মুসল্লিদের অবশ্যই মাস্ক পরে আসতে হবে। মসজিদে রাখা জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না। নামাজ আদায়ের সময় কাতারে দাঁড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে দাঁড়াতে হবে এবং এক কাতার অন্তর অন্তর কাতার করতে হবে।

শিশু, বৃদ্ধ, যেকোনো ধরনের অসুস্থ ব্যক্তি এবং অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি জামাতে অংশগ্রহণ করবেন না।

সর্বসাধারণের সুরক্ষার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনীর নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে। জামাত শেষে কোলাকুলি এবং পরস্পর হাত মেলানো যাবে না। নামাজ শেষে মহান রাব্বুল আলামিনের দরবারে দোয়া করার জন্য খতিব ও ইমামগণকে অনুরোধ করা হলো।

খতিব, ইমাম, মসজিদ পরিচালনা কমিটি ও স্থানীয় প্রশাসনকে বিষয়গুলো বাস্তবায়ন নিশ্চিত করার কথাও বলা হয় এই নির্দেশনায়। এ ছাড়া পশু কোরবানির ক্ষেত্রে মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।

করোনাভাইরাসের সংক্রমণ রোধে স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী, জনপ্রতিনিধি, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদের পরিচালনা কমিটি এসব নির্দেশনা বাস্তবায়ন করবেন।